COAST Foundation

# উপকূলের কথা

রেডিও মেঘনা

মে ২০২৪, সংখ্যা ৭৪

www.radiomeghna.net www.facebook.com/radiomeghna99.0

## লাভজনক হওয়ায় সূর্যমূখী চাষে ঝুঁকছেন চরফ্যাসনের কৃষকরা



ভোলার চরফ্যাশন উপজেলায় সূর্যমূখী চাষে ঝুঁকছেন চরফ্যাশনের কৃষকরা। লাভজনক এবং লবণসহিষ্ণু হওয়ায় অনেকেই এবার বাড়িয়েছেন সূর্যমূখীর আবাদ। এখানের মাটি ও আবহাওয়া সূর্যমুখী চাষাবাদের জন্য উপযোগী। কম সময় ও অর্থ ব্যয় করে সূর্যমুখী চাষ করে লাভবান হওয়ার সম্ভাবনা রয়েছে অপার।

সূর্যমূখী চাষে কৃষকদের প্রয়োজনে পরামর্শ দিচ্ছেন উপজেলা কৃষি বিভাগ।

সূর্যমূখী আর কৃষকের হাসি দুই মিলে একাকার। উপজেলার পৌরসভা, জিন্নাগড়, আমিনাবাদ এলাকায়সহ পুরো চরফ্যাশনে চলতি বছর ১শত ৯৫ হেক্টর জমিতে সূর্যমূখী চাষ হয়েছে।

এই ফসল চাষে খরচ ও পরিশ্রম কম এবং লাভ বেশি। সেই সাথে সূর্যমুখীর তেল স্বাস্থ্যসম্মত হওয়ায় এবছর কৃষকরা গত বছরের তুলনায় সূর্যমুখীর আবাদ বাড়িয়েছে এবং আগামীতে আরো বেশি পরিমাণে সূর্যমুখী চাষ করার আশা প্রকাশ করেন।

এছাড়া সূর্যমুখীর উৎপাদিত বীজ থেকে তেল ছাড়াও পাওয়া যাবে খৈল যা গরুর খাদ্য হিসেবে ব্যবহার করা হয় এবং অবশিষ্ট গাছও ব্যবহার করা হয় জ্বালানির কাজে।

রাস্তার পাশে দৃষ্টিনন্দন সূর্যমুখীর ফুল নজর কাড়ছে এলাকাবাসিসহ পথচারীদের। তারাও আগ্রহী হচ্ছেন সূর্যমুখী চাষে।

সূর্যমূখীর তেল স্বাস্থ্য সম্মত ও লাভজনক হওয়ায় দিন দিন চাহিদাও বাড়ছে। সামনের দিনগুলোতে সূর্যমূখীর আবাদ বাড়বে বলে মনে করেন উপজেলা কৃষি কর্মকর্তা রোকনুজ্জামান।

## ঘরেই খাবার স্যালাইন তৈরী করে উপকৃত আঙ্কুর বেগম

তীব্র গরমে অতিরিক্ত ঘাম বা ডায়েরিয়ার কারণে শরীর থেকে প্রচুর পরিমাণে পানি ও লবণ বের হয়ে যায়। পানির ঘাটতি দূর করতে ঘরে তৈরী খাবার স্যালাইন গুরুত্বপূর্ণ ভূমিকা রাখে। জনসচেতনতায় খাবার স্যালাইন তৈরীর নিয়ম ও উপকারীতা নিয়ে রেডিও মেঘনায় প্রচারিত হয় ইস্যুভিত্তিক “নাটিকা”।



এই নাটিকা শুনে সচেতনতার সাথে চরফ্যাশন চরফকিরা ৪নং ওর্য়াডের আঙ্কুর বেগম (২৭) নিজেই ঘরে তৈরী করে পান করছেন খাবার স্যালাইন। তিনি জানান, আমি প্রায় তিন বছর ধরে কাজের ফাঁকে ফাঁকে রেডিও মেঘনার অনুষ্ঠান শুনি। আমার কাছে বেশির ভাগ অনুষ্ঠানই খুব ভালো লাগে। একদিন অনুষ্ঠান শুনতে শুনতে ঘরেই কিভাবে খাবার স্যালাইন তৈরী করা যায় সেই বিষয় নিয়ে একটি নাটিকা শুনতে পাই। আমি আগে জানতাম শুধু ডায়েরিয়া হলেই খাবার স্যালইন খেতে হয় কিন্তু নাটিকা শুনে জানতে পারলাম তীব্র গরমে শরীরে ঘাম হলে, শারীরিক দূর্বলতায়ও খাবার স্যালাইন খেতে হয়। এতে শরীরে লবণ ও পানির ঘাটতি পূরণ করার পাশপাশি দূর্বলতা দূর করতে সাহায্য করে। এরপর থেকে বাজারে কেনা ওরস্যালাইন সব সময় খেতে না পারলেও প্রায় সময় ঘরেই লবণ, পানি, চিনি দিয়ে স্যালাইন তৈরী করে আমি এবং আমার পরিবারের সবাই পান করি। রেডিও মেঘনা এধরণের সচেতনতামূলক অনুষ্ঠান প্রচার করার জন্য আমি রেডিও মেঘনাকে ধন্যবাদ জানাই। আশা করি ভবিষ্যতেও রেডিও মেঘনায় এধরনে গুরুত্বপূর্ণ অনুষ্ঠান আরো বেশি প্রচারিত হবে।

## প্রতিটি শিশুর জন্মনিবন্ধন নিশ্চিত করি




দুই সন্তানের মা মোসাম্মৎ রাফিয়া'র (২৩) বসবাস ওমরপুর ২নং ওয়ার্ডে। আমার বড় ছেলের জন্মের পরপরই তার জন্ম নিবন্ধন করি। এই নিবন্ধন কার্ড বিদ্যালয়ে ভর্তি থেকে শুরু করে আরও অনেক কাজেই প্রয়োজন হয়। আরও কয়েক জনের সাথে কথা বলে বুঝা যায়, বেশিরভাগ মা-বাবাই ছেলে-মেয়েকে স্কুলে ভর্তি করার সময় জন্ম নিবন্ধনের জন্য আবেদন করেন।

জন্ম নিবন্ধন সরকারের জাতীয় নীতিমালা পরিকল্পনায় গুরুত্বপূর্ণ ভূমিকা রাখে। সরকারি নিয়মে জন্মের ৪৫ দিনের মধ্যে নবজাতকের নিবন্ধন প্রক্রিয়া সম্পূর্ণ করতে হয়। হয়। অথচ বেশিরভাগ মা-বাবাই এর গুরুত্ব বুঝতে পারেন না। তারা ছেলে-মেয়েকে স্কুলে ভর্তি করার সময়, সাধারণত শিশুর বয়স যখন ছয় বছর সে সময় জন্ম নিবন্ধনের জন্য আবেদন করেন।

কীভাবে শিশুর জন্ম নিবন্ধন করতে হয় সে বিষয়েও জ্ঞানের অভাব রয়েছে। শিশুদের জন্ম নিবন্ধকরণে জন্মের পর প্রথম ৪৫ দিনের মধ্যে যে কাগজপত্রগুলো প্রয়োজন তা হলো-

১। অনলাইনে আবেদনকৃত ফর্মের প্রিন্ট কপি।
২। শিশুর এক কপি পাসপোর্ট সাইজের ছবি।
৩। শিশুর টিকা কার্ড কিংবা ইপিআই কর্মীর নিকট থেকে প্রত্যয়নপত্র।
৪। শিশুর জন্মস্থান ও জন্ম তারিখের প্রমাণপত্র হিসেবে হাসপাতাল বা ক্লিনিক থেকে শিশুর জন্ম সনদের সত্যায়িত অনুলিপি।
৫। বাংলা-ইংরেজি দুই ভাষাতেই বাবা-মার অনলাইনে নিবন্ধিত জন্ম সনদ।
৬। বাবা-মার জাতীয় পরিচয়পত্র এবং অভিভাবকের কর পরিশোধের প্রমাণপত্র।

## শ্রোতা মতামত

- লাইভে দেওয়া তথ্য তরমুজ খাওয়া/বিচি সহ তরমুজ খাওয়ার উপকারিতা সম্পর্কে তথ্য জেনে উপকৃত হয়েছেন শ্রোতা জীবন চন্দ্র রবিদাস। মতামত জানিয়েছেন ফোন কলের মাধ্যমে।
- হামিদপুর থেকে শ্রোতা নাজমা জানিয়েছেন, সকালে ঘুম থেকে উঠে খালি পেটে পানি পান করার গুরুত্ব সম্পর্কে জেনে উপকৃত হয়েছেন এবং এখন থেকে তিনি সহ পরিবারের সবাই নিয়ম মেনে পানি পান করছেন।
- চরফ্যাশন থেকে তানজিলা জানিয়েছেন, বর্ণালি অনুষ্ঠানটি নিয়মিত শুনেন, সেখান থেকে জানতে পেরেছেন অনেক অজানা তথ্য তার মধ্যে গত মাসে তিনি জানতে পেরেছেন কোকিল কেন কাকের বাসায় ডিম পারে।
- আব্দুল্লাপুর তাসলিমা নখ তাজা ও পরিস্থার রাখার উপায় সম্পর্কে জানতে চেয়েছেন। পরবর্তীতে সাজসজ্জা অনুষ্ঠানে প্রচার করা হয়েছে।

## কমিউনিটি ক্লাব

১৬ এপ্রিল ২০২৪ এয়াজপুর ৮নং ওয়ার্ড এর বেলি ক্লাবে শুরুতেই শ্রোতা ফিডব্যাক অফিসার এর শুভেচ্ছা জ্ঞাপনের মাধ্যমে ক্লাবটি পরিচালিত হয়েছে। বাল্য বিবাহের কুফল নিয়ে কিশোরী ও গৃহিণীদের সাথে আলাপ আলোচনা করেন তিনি । উক্ত আলোচনায় সংস্থার অভিযোগ ব্যবস্থাপনা নীতিমালা আলোচনা করা হয়েছে । সভার সংস্থার অভিযোগ ব্যবস্থাপনা এবং সেফ গার্ডিং বিষয়ে কিশোরী ও গৃহিণীদের অবহিতকরণ করে ক্লাবে তাদের মোবাইল নম্বর প্রদান করা হয়েছে ।

ক্লাবটি পরিচালনা করার সময় ক্লাবের সদস্যরা তাদের বিভিন্ন শারিরীক সমস্যার কথা রেডিও মেঘনাকে জানান। পরে নারীদের মাসিককালীন স্বাস্থ্য সুরক্ষা ও মাতৃত্বকালীন সময়ে মায়েদের করণীয় নিয়ে আলোচনা করা হয়। তিনি রেডিও মেঘনাকে ধন্যবাদ জানান এবং অনুরোধ করেন নারী স্বাস্থ্য নিয়ে আরো বেশি তথ্য জানাতে । সবশেষে ক্লাবের সদস্যদের সাথে জলবায়ু পরিবর্তনের প্রভাবে উপকূলের মানুষের কী কী ক্ষতি হচ্ছে এসব বিষয় নিয়েও আলোচনা করা হয়।



যোগাযোগ
সহকারি স্টেশন ম্যানেজার
মোবাইল: ০১৭০৮১২০৩৯০